REG. NO. C. 853

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৸০ টাকা। নগদ মূল্য ৵১০ দুই পয়সা বাংসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ⁄০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মণিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

ছাদের জন্য

**লোহার কড়ি**

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।

সত্বর দরের জন্য পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং লিঃ**

ম্যানেজিং ডিরেক্টার :—

শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।

২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট

কলিকাতা।

২৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১৭ই মাঘ বুধবার ১৩৪৬ ইংরাজী 31st January 1940 | ৩৪শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

**হিলিংবাম**




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধি-ধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠ-পোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২।০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

**স্যাণ্ডো**

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫।০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

বাঙলার ও বাঙালীর নিজস্ব বীমা প্রতিষ্ঠান

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

ইহাতে জীবন-বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন।

নূতন বীমা

৩ কোটি ১৪ লক্ষ টাকার উপর

—বোনাস—

প্রতি বৎসর প্রতি হাজারে

মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চল্‌তি বীমা | ... | ১৬ কোটি | ৩৪ লক্ষের | উপর | |
| বীমা তহবিল | ... | ২ | „ | ৯৬ লক্ষের | „ |
| মোট সংস্থান | ... | ৩ | „ | ৩৬ „ | „ |
| প্রিমিয়াম আয় | ... | ... | ... | ৭৪ „ | „ |
| দাবী শোধ | ... | ১ | কোটি | ৮৫ „ | „ |

হেড আফিস—হিন্দুস্থান বিল্‌ডিংস, কলিকাতা

ব্রাঞ্চ—বোম্বে, মান্দ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।

এজেন্সি :—ভারতের সর্ব্বত্র, বর্ম্মা, সিলোন, মালয়া, ব্রিঃ ইষ্ট আফ্রিকা।

মহা সমর! মহা সমর!!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

**মোহিনী বিড়ি**

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন।

একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী

**মুলজী সিক্কা এণ্ড কোং**

হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।

শাখাসমূহ :—২৬৪, ২৬৫, ২৬৬ বংশাল রোড, নবাবপুর ঢাকা, সরাবগঞ্জ, মজফরপুর বি-এন-ডবলিউ-আর।

ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস,

গোণ্ডিয়া (সি, পি) বি-এন-আর।

আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়।

দরের জন্য পত্র লিখুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১৭ই মাঘ বুধবার সন ১৩৪৬ সাল

### নিমতিতায়
## জঙ্গিপুর মহকুমা কৃষি শিল্প প্রদর্শনী

এ বৎসর মহকুমার কৃষি শিল্প প্রদর্শনী নিমতিতায় অনুষ্ঠিত হইয়াছে। প্রায় মাসাধিক কাল হইতে নিমতিতার গৌরসুন্দর দ্বারিকানাথ উচ্চ ইংরাজী বিদ্যালয়ের সুবিস্তৃত প্রাঙ্গনে প্রদর্শনীর অধিবেশন জন্য আবশ্যকীয় উদ্যোগ আয়োজন আরম্ভ হইয়াছিল। নানা স্থান হইতে প্রদর্শকগণ তাঁহাদের স্ব স্ব কৃষি ও শিল্পজাত দ্রব্যাদি লইয়া প্রদর্শনীর সৌষ্ঠব বৃদ্ধি করিয়াছিলেন।

গত ২৮শে জানুয়ারী রবিবার জঙ্গিপুরের মহকুমা ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত সুধীন্দ্রকুমার সান্যাল এম-এ, বি-এল মহোদয় প্রদর্শনীর দ্বারোদ্ঘাটন করিয়াছিলেন। বহু দিন পূর্ব্ব হইতে প্রাচীরপত্র ও বিজ্ঞাপন দেওয়ার জন্য হাজার হাজার দর্শক প্রদর্শনী-ক্ষেত্রে সমবেত হইয়াছিল। যাহাতে বক্তৃতাদি প্রত্যেক দর্শকের কর্ণগোচর হয় তজ্জন্য প্রদর্শনীর সভাস্থলে লাউড-স্পীকার যন্ত্র স্থাপন করা হইয়াছিল। মহিলাদের প্রদর্শনী দেখিবার জন্য বিশেষ বন্দোবস্ত করা হইয়াছিল। নানা প্রকার আমোদ প্রমোদের আয়োজনও ছিল। প্রদর্শিত দ্রব্যাদির প্রাচুর্য্য এত অধিক হইয়াছিল যে অন্যান্য প্রদর্শনীর মত সাজাইলে আর একটী অত বড় প্রদর্শনী হইতে পারিত।

চিত্রকলা, সূচি-শিল্প ও কুটির-শিল্পজাত নানাবিধ দ্রব্যাদিও যথেষ্ট প্রদর্শিত হইয়াছিল। প্রদর্শনী ক্ষেত্রে গবাদি পশু-প্রদর্শনী এবং স্বাস্থ্য ও শিশু প্রদর্শনী অনুষ্ঠিত হইয়াছিল।

নিমতিতার জমিদার বাবুদের ও স্থানীয় অন্যান্য অধিবাসীবর্গের ঐকান্তিক উদ্যোগ ও উদ্যম প্রদর্শনীকে সাফল্যমণ্ডিত করিয়াছিল।

---

### জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়

গত ২৪শে জানুয়ারী বুধবার জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহক সমিতির সদস্যগণের এক সভায় জঙ্গিপুরের সাব-ডিভিসন্যাল অফিসার শ্রীযুক্ত সুধীন্দ্রকুমার সান্যাল—প্রেসিডেন্ট, উকিল মৌলভী জাহিরুদ্দিন বিশ্বাস ভাইস-প্রেসিডেন্ট ও উকিল শ্রীযুক্ত শ্যামাচরণ চক্রবর্ত্তী সেক্রেটারী নির্ব্বাচিত হইয়াছেন।

---

### জঙ্গিপুর স্পেশাল ঋণ-সালিশী বোর্ড

জঙ্গিপুর স্পেশাল ঋণ-সালিশী বোর্ডের মেম্বর রায় সাহেব কিরীটভূষণ দাস, এম-এল-এ মহাশয়ের স্থানে নিমতিতার জমিদার শ্রীযুক্ত রাধানাথ চৌধুরী বি-এ মহাশয় উক্ত বোর্ডের মেম্বর মনোনীত হইয়াছেন।

---

### আদ্রায় ভয়ঙ্কর কাণ্ড
#### বৃদ্ধ মুসলমান কর্ত্তৃক যুবতী হত্যা

পুরুলিয়া হইতে ২৫ মাইল দূরে আদ্রা ষ্টেশনে ১৭ই জানুয়ারী সন্ধ্যা সাত ঘটিকার সময় একটী চাঞ্চল্যকর ঘটনা ঘটে। এলাহাবাদ হইতে একজন বৃদ্ধ মুসলমান পঞ্চদশ বর্ষীয়া একটী যুবতীকে সঙ্গে লইয়া আসিতেছিল। সে আদ্রা ষ্টেশনে পৌছিয়া তাহার সঙ্গিনীকে বিশ্রাম গৃহে অপেক্ষা করিতে বলিয়া চলিয়া যায়। তাহার পর ষ্টেশনের জনৈক বিক্রেতার নিকট হইতে একটী ধারাল দা কিনিয়া বিশ্রাম গৃহে ফিরিয়া আসে এবং সেই দা দিয়া যুবতীর গলদেশে কয়েকবার আঘাত করে। ঘটনাস্থলে যুবতীর মৃত্যু হয়। তাহার পর বৃদ্ধ মুসলমান সেই দা লইয়া আত্মহত্যার চেষ্টা করে। কিন্তু ষ্টেশনের লোকজন আসিয়া তাহাকে ধরিয়া ফেলায় সে নিজের প্রাণ নাশ করিতে সক্ষম হয় নাই, তবে গুরুতররূপে আহত হইয়াছে। তাহাকে হাসপাতালে স্থানান্তরিত করা হইয়াছে। পুলীশ যুবতীর মৃতদেহ ময়না তদন্তের জন্য লইয়া গিয়াছে।

---

### শরৎ স্মৃতি-সভা
#### দেবানন্দপুরে দ্বিতীয় বর্ষের অধিবেশন

বাঙ্গালার অপরাজেয় প্রবীণ ঔপন্যাসিক পরলোকগত ডাঃ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের দ্বিতীয় বার্ষিক স্মৃতিসভা তাঁহার জন্মভূমি দেবানন্দপুরে অনুষ্ঠিত হইয়াছে। খ্যাতনামা কবি শ্রীযুক্তা রাধারাণী দেবী সভানেত্রীর আসন গ্রহণ করিয়াছিলেন। সভায় বহু মহিলা সাহিত্যিক যোগদান করিয়াছিলেন।

সভায় শরৎচন্দ্রের স্মৃতিরক্ষার জন্য তাঁহার পৈতৃক বাসভবন দেবানন্দপুরে একটী স্মৃতিমন্দির প্রতিষ্ঠার প্রস্তাব গৃহীত হইয়াছে।

---

### আই-এ ও আই, এস-সি পরীক্ষা
#### দিন পরিবর্ত্তন

জানা গিয়াছে যে, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আই-এ ও আই, এস-সি পরীক্ষার আগামী ৮ই ফেব্রুয়ারী পরীক্ষা আরম্ভ হওয়ার দিন নির্দ্দেশ ছিল, কিন্তু বিলাত হইতে যথাসময়ে প্রশ্নপত্র আসিতে পারিবে না বলিয়া তৎপরিবর্ত্তে আগামী ২০শে ফেব্রুয়ারী হইতে পরীক্ষা আরম্ভ হইবে বলিয়া স্থির হইয়াছে। বর্ত্তমান বর্ষের পরীক্ষার জন্য ১২৪০৮ জন ছাত্র আবেদন করিয়াছে। পূর্ব্ব বৎসর অপেক্ষা এই বৎসর ১১০২ জন অধিক হইয়াছে। আই-এ পরীক্ষার্থীর সংখ্যা ৮৩৫০ ও আই, এস-সি পরীক্ষার্থী ৪১৪৮ জন।

---

### ডাক মাশুল বৃদ্ধির প্রস্তাব

যুদ্ধের জন্য ডাক বিভাগের মাশুলাদি বর্দ্ধিত করিতে কর্ত্তৃপক্ষ আলোচনা করিতেছেন। যদি ডাক মাশুলের হার বৃদ্ধি করা স্থির হয় তাহা হইলে আগামী বাজেটেই তাহা ঘোষিত হইবে। বিগত মহা যুদ্ধে এক পয়সার পোষ্টকার্ড তিন পয়সা হইয়াছে তাহাতেই দরিদ্র জনসাধারণ অত্যন্ত কষ্টভোগ করিতেছে। পুনরায় যদি পোষ্টকার্ড ইত্যাদির মাশুল বৃদ্ধি করা হয়, তবে দরিদ্রদের তাহা অসহ্য হইয়া পড়িবে এবং অত্যন্ত অসন্তোষ বৃদ্ধি পাইবে।

---

### সংবাদপত্রের কাগজের মূল্য

বর্ত্তমান যুদ্ধে জিনিষপত্রের মূল্য বৃদ্ধির সহিত কাগজের মূল্য বৃদ্ধি পাইয়াছে, কিন্তু অন্যান্য দ্রব্য অপেক্ষা কাগজের মূল্যই সর্ব্বাপেক্ষা অধিক বাড়িয়াছে। পুরাতন লৌহের মূল্য ৫৲ টাকা মণ, কিন্তু পুরাতন কাগজের মণ ১১৲ টাকা পর্য্যন্ত উঠিয়াছিল। কালির মূল্য দ্বিগুণ হইয়াছে। বিদেশ হইতে নিরাপদে সংবাদপত্রের কাগজ পাওয়ার স্থিরতা নাই। ইহা ব্যতীত বিজ্ঞাপন সকল কমিয়া যাইতেছে। নানা কারণে সংবাদপত্রের ক্ষতি হইতেছে। অথচ সংবাদপত্র এমন জিনিষ, যাহা প্রকাশ করিতেই হইবে। অন্যান্য দ্রব্যের কারবার হইলে তাহা বন্ধ করা যায়; সংবাদপত্র বন্ধ করা যায় না। এই সকল কারণে ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি দেশের সংবাদপত্রের আকার ছোট করা হইয়াছে। কলিকাতার দৈনিক পত্র সমুহের আকার হ্রাস ও মূল্য বৃদ্ধি করা হইয়াছে। বোম্বাইতে কোন সংবাদপত্র আকার হ্রাস করিয়াছে, কেহবা মূল্য বৃদ্ধি, কেহবা উভয়ই করিয়াছে। যুদ্ধ চলিতে থাকিলে সকল সংবাদপত্রকেই আকার হ্রাস অথবা মূল্য বৃদ্ধি বা একটা কিছু করিতে হইবে।

---

### আদালত অবমাননার অভিযোগ
#### মহকুমা হাকিমের দণ্ডাদেশ নাকচ

বহরমপুর মিউনিসিপ্যালিটির ভূতপূর্ব্ব সুযোগ্য চেয়ারম্যান ও মোক্তার সভার সভাপতি শ্রীযুক্ত অনিলকুমার চট্টোপাধ্যায় এম, বি, ই, মহাশয়কে আদালত অবমাননার অপরাধে বহরমপুরের সদর মহকুমা ম্যাজিষ্ট্রেট মিঃ টি, আহম্মদ ১০০৲ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করেন। এই দণ্ডাদেশের বিরুদ্ধে জেলা ও দায়রা জজ মাননীয় মিঃ হিরণ্ময় বন্দ্যোপাধ্যায় আই, সি, এস, মহোদয়ের এজলাসে আপিল করা হয়। আপীল শুনানীর পর মাননীয় জজ সাহেব বাহাদুর শ্রীযুক্ত চট্টোপাধ্যায়কে আদালত অবমাননার দায় হইতে অব্যাহতি দিয়াছেন।

---

### মেকী টাকার চলন বৃদ্ধি

ভারতে ১৯৩৯ সালে পূর্ব্ববর্ত্তী বৎসরের তুলনায় ২১ হাজার মেকী টাকা বিভিন্ন ট্রেজারী ও রেল ষ্টেষনে অধিক পাওয়া গিয়াছে। ১৯৩৮-৩৯ সালে ২ লক্ষ ১৬ হাজার ৭১৮টী মেকী টাকার সন্ধান পাওয়া যায়। পূর্ব্ববর্ত্তী বৎসরের সংখ্যা ১ লক্ষ ৯ হাজার ১৮৫ ছিল। ভারতের বিভিন্ন প্রদেশের মধ্যে বোম্বাই, পঞ্জাব, মান্দ্রাজ, দিল্লীতে ১৯৩৮—৩৯ সালে মেকী টাকার চলন [illegible] পাইয়াছে।

---

### বিমানবাহিনীতে ভারতীয়

রাইট অনারেবল শ্রীযুক্ত এম, আর, জয়াকরের ২৮ বৎসর বয়স্ক পুত্র শ্রীযুক্ত জে, এম, আর, জয়াকর বিমান বাহিনীতে অফিসারের পদে নিযুক্ত হইয়াছেন। ভারতীয়দের মধ্যে ইনিই সর্ব্বপ্রথম বিমান বাহিনীর অফিসার পদে নিযুক্ত হইলেন। শীঘ্রই তিনি বিমান চালনা সম্পর্কে আরও শিক্ষালাভ করিবেন।

---

### কালনা ষ্টেশনে দুর্ঘটনা

ই, আই, আর রেলের কালনা ষ্টেশনে একজন ব্রাহ্মণ চলন্ত ট্রেণের ধাক্কা খাইয়া পড়িয়া যান; ফলে মস্তকে ভীষণ আঘাত লাগে। এক ঘণ্টার মধ্যেই তাঁহার মৃত্যু হয়।

---

### রামপুরহাটে হত্যাকাণ্ড
#### ব্যাঙ্কের কর্ম্মচারী নিহত

গত ১৬ই জানুয়ারী সন্ধ্যার পর রামপুরহাট সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের একাউণ্ট্যাণ্ট মৌলবী আবদুল রসিদ সাহেব অফিসের কাজ কর্ম্ম সারিয়া বাড়ী ফিরিবার পথে আততায়ী কর্ত্তৃক নিহত হইয়াছেন।

প্রকাশ, তিনি অফিসের পর সাইকেলযোগে বিনোদপুর গ্রামে তাঁহার বাসভবনে ফিরিতেছিলেন। আততায়ীগণ পথিমধ্যে তাঁহাকে সাইকেল হইতে ফেলিয়া তাঁহার গলায় ছুরি বসাইয়া দেয়। পরদিন প্রাতে মৃতদেহ ও সাইকেল রেল লাইনের পার্শ্বে দেখিতে পাওয়া যায়। মৃতদেহ সনাক্তের পর ময়না তদন্তের জন্য পাঠান হয়। হত্যার

| | | | |
|---|---|---|---|
| ১৬৯ | চন্দ্র মাঝি | ২-২৮ | ১২॥০ |
| ১৮০ | রাফিয়াতুন নেছা | | ৯ খাজনাযোগ্য |
| ৭৫ | এসাহাক মিঞা | ৭ | ঐ |
| ১৫০ | মোগল মাঝি | ১-০৫ | ঐ |
| ৭৮ | কাদের সেখ | ৩২ | ঐ |
| ২১৬ | সুকলাল মারিয়া | ১-২৩ | ঐ |
| ২০৭ | সাবজাদ সেখ | ৯১ | ঐ |
| ১০০ | চাটরা মাঝি | ৬৫ | ঐ |

জেলা মুর্শিদাবাদ থানা রাণীনগর
জে, এল, নং ৮১ মৌজে গোধনপাড়া।

| | | | |
|---|---|---|---|
| ৫৪০ | ধনাই সেখ দিং | ৩-৬৪ | ২৸৶৬ |
| ১৯৯ | আল্লেফ সেখ | ৩-০৫ | ২৸৶৬ |
| ১২৪ | ইন্দু বিবি দিং | ৩৮ | ৩৫ |
| ৪৩৯ | ফজল মণ্ডল | ৪-৮৮ | ৩৸৶৪ |
| ৫০৮ | নায়েব মণ্ডল দিং | ৪-২৯ | ২৸৶৬ |
| ৫৪৪ | ভোগল সেখ দিং | ৫২ | ১৸৶৩ |
| ৪৩১ | পাতু সেখ | ৫-১৮ | ৩৸১০ |
| ১২৯ | তগিফ সেখ দিং | ২-৪৯ | ২।৶৩ |
| ৫৫৮ | বাহার সেখ | ৫-৪৫ | ৪।৶৬ |
| ৪৮৭ | মতি সেখ | ২৪ | ॥৶১১ |
| ৩১৪ | এরাজুদ্দী সেখ দিং | ৬-৬৬ | ৩/১১ |
| ৩৮৬ | তেজালী মণ্ডল দিং | ৩৯-১৪ | ২৮।/৬ |
| ৩০৫/১ | দানেশ মণ্ডল | ৭-৩৫ | ২২৶৯ |
| ৪৫৯ | বাহার সেখ | ৮-৩৪ | ১০৶১১ |
| | | | অৰ্দ্ধেক অংশ |
| ২০২ | ইজারত মণ্ডল | ১-১২ | ২।/৬ |
| ৩৩৫ | তৈয়ব সেখ | ৬-৬৮ | ... |
| ৫৯৭ | তৈয়ব সেখ | ... | ... |
| ৫৭৯ | শাফাতুল্যা মণ্ডল | মোট ২০-৮৪ নিজাংশে | ১১।৶৯ |
| ২৯১ | ডোমন মণ্ডল | ... | নিকর |
| | জঙ্গলী সেখ | ... | ২৸৶৬ |
| ১১৭ | সেকেন্দর সেখ জারাফত সেখ | ৪-৭৮ | ১০৸৴৯ |
| | মধু মণ্ডল | ... | ৮।০ |
| | জাবেদ মণ্ডল | ... | ৮।৶২ |
| | পৰ্ব্ব বেওয়া | ... | ৪।/৯ |
| | জিয়ারত সেখ | ... | ১॥৶১০ |
| | কেরম সেখ | ... | ২।৶০ |
| | বিশু সেখ | ... | ২৸/৩ |
| ৩২৮ | নকু সেখ | ৩-৩৬ | ৪৶১০ |
| ৩ | তমেজ মণ্ডল | ১১-৩১ | ৬৶০ |
| | | | ॥০ আনা রকম |
| ৫৩৮ | জালিমুদ্দিন সরকার | ৫৪ | ... |
| ৪৯৪ | মফিজুদ্দিন মণ্ডল | ৪-৬৬ | ... |
| ১০৭ | দিহু মণ্ডল | ৫৭ | ৪/০ |
| | গণেশ সেখ | ... | ২।৯ |
| ৩২১, ৩২২ | জাহান মণ্ডল | ২২-৮৬ | ১৯।৫ |
| ১৬৭, ৩০৯ | আয়েজ সেখ | ৭/০ | ২।৶৩ |
| ৫৮১ | আরসেদ মোল্লা | ৪।৯ | ২/৯ |

জে, এল, নং ৬৩ মৌজে নশীপুর।

| | | | |
|---|---|---|---|
| ৫৬ | ... | /১।০ কাঠা | ... |
| ৯৮ | ক্ষিতীশচন্দ্র রায় | ... | ২৶০ |
| ১৮৩ | ময়ুরা রায় | ... | ৸৶৮ |

জে, এল, নং ৭১ মৌজে মহিমাপুর।

| | | | |
|---|---|---|---|
| ৮০ | পাৰ্ব্বতী দাস রায় | ৫২ | ৭॥০ |

থানা সমসেরগঞ্জ মৌজে কাঁকুড়িয়া

| | | | |
|---|---|---|---|
| ৯৫৩, ৯৫৪, ৯৫৬ | কৃষ্ণ মণ্ডল | ২/৪॥৶০ | ৫/০ |

থানা বহরমপুর মৌজে গড় বহরমপুর
জে, এল, নং ৯১

৩৬৪ দাগ নং ১০৬৭ ও ১০৬৮ খাস ৩৪ শতক ও ২-৯৯

থানা মুর্শিদাবাদ মৌজে নশীপুর
জে, এল, নং ৬৩

| | | | |
|---|---|---|---|
| ৫৮ | অনিলকুমার রায় | ১-১০ | ৸৶০ নিজাংশে |

মৌজে বহরমগঞ্জ।

| | | | |
|---|---|---|---|
| ৫৬ | মারফত সেখ | ১-৫৩ | ১৲ |

থানা রাণীনগর মৌজে গোয়াস
জে, এল, নং ৬১

২৪/১৮৪৯ খাস খতিয়ান ১২১

থানা রাণীনগর মৌজ হেরামপুর
জে, এল, নং ৬৫

| | | | |
|---|---|---|---|
| ৪৯ | ভক্তিভূষণ পাল | ১৭ | ১৸/০ |

থানা রাণীনগর মৌজে গোয়াস
জে, এল, নং ৬১

| | | | |
|---|---|---|---|
| ২২৪ | জাহেদ হুসেন | ১৫ | ৪॥৶০ |
| ৩০৯ | আয়েজ সেখ | ৩-৬৩ | ৮।৶০ |
| ৩১৮ | পৰ্ব্বত সেখ | ৩০ | ২।৶০ |
| ১২৯ | রাজেন সাহা | ৬২ | ৭৸০ |
| ৫ | কমর আলী | ২৭ | ১৶৬ |

থানা রাণীনগর মৌজে বড়বিলা
জে, এল, নং ৪৮

| | | | |
|---|---|---|---|
| ২৩ | নাসা বেওয়া | ৭০ | ২৸৶৬ |

থানা রাণীনগর মৌজে গোয়াস
জে, এল, নং ৬১

| | | | |
|---|---|---|---|
| ২৪/১৬ | আরমন বিবি | ৭ | ৩।৶০ |

থানা রাণীনগর মৌজে মুল্লোকচাঁদপুর
জে, এল, নং ৬১

| | | | |
|---|---|---|---|
| ৬২০ | গিরি সেখ | ৪২ | ৩।০ |

থানা রাণীনগর মৌজে গোয়াস
জে, এল, নং ৬১

| | | | |
|---|---|---|---|
| ৪৬০ | ময়েস সেখ | ২-০৩ | ৩৸/০ |
| ১৪২ | হাকিম সেখ | ১০ | ১/৬ |

---


শ্রীযুক্ত পাৰ্ব্বতীচরণ রায় বি-এ প্রণীত

# কবির স্বপ্ন-সুষমা

## ছন্দে ও গানে

অভিনব ধারাবাহিক মনোমুগ্ধকর প্রেমকাব্য। তুলট কাগজে ঝকঝকে ছাপা। সুরঙীন প্রচ্ছদপট। উপহার ও উপভোগে অনুপম। ল্য পাঁচ মুাসিকা

প্রকাশক ও প্রাপ্তিস্থান:—
ডি, এম, লাইব্রেরী
৪২ নং কর্ণওয়ালিশ ষ্ট্রীট, কলিকাতা।

বয়েজ লাইব্রেরী,
জঙ্গীপুর — মুর্শিদাবাদ।

# টিপসহির কালী

পণ্ডিত প্রেসে পাইবেন।
মূল্য প্রতি কৌটা দুই আনা।

## শিক্ষক মহাশয়গণের নিকট নিবেদন

আমরা ইংরাজী ও বাংলা ভাষায় উৎকৃষ্ট কাগজে স্কুলের প্রয়োজনীয় সকল প্রকার হাজিরা বহি, ভর্ত্তি বহি ট্রান্সফার সার্টিফিকেট, বেতন আদায়ের রসিদ বহি প্রভৃতি মজুত রাখিয়াছি। দরকার হইলে আমাদের নিকট হইতে লইবেন। খাতাগুলি ভালভাবে বাইণ্ডিং করা।

বাংলা ভাষায় (প্রাইমারী স্কুলের জন্য)

| | |
|---|---|
| হাজিরা বহি (২০ পাতার) | ।৶০ |
| " ৪০ " | ॥০ |
| ভর্ত্তি বহি ... ... | ।৶০ |
| ট্রান্সফার সার্টিফিকেট (২০ পাতার) | ।/০ |
| রসিদ বহি (১০০ পাতার) | ।১০ |

For M. E. & H. E. SCHOOLS.

| | |
|---|---|
| Students' Attendance Register with Fee realisation (25 pages) | -/11/- |
| Teachers' Attedance (25 pages) | -/11/- |
| First Admission Form (100 sheets) | 1/4/- |
| Transfer Certificate (100 sheets) (Triplicate.) | 2/12/- |
| Receipt Book (for fee collection) (100 pages in each Book) | -/4/- |
| Letter Heading ½ Foolscap size 100 ... ... | -/12/- |
| Do. ¼ Foolscap 100 | -/9/- |

### পিওন-বুক

ইউনিয়ন বোর্ড, ঋণ-সালিশী বোর্ড ও অন্যান্য অফিসের জন্য পিওন-বুক রাখা হইয়াছে। সুদৃশ্য চামড়ার দ্বারা বাঁধা। মূল্য বড় ৵০ আনা, ছোট ॥০ আনা।

ফরম সাপ্লাইং এজেন্সী
পণ্ডিত প্রেস
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## সস্তায় রবার ষ্ট্যাম্প

সকল প্রকার রবার ষ্ট্যাম্প এক সপ্তাহ মধ্যে সরবরাহ করা হয়। সমস্ত ষ্ট্যাম্পই কলিকাতায় প্রস্তুত এবং কলিকাতার অন্যান্য কারখানা অপেক্ষা জিনিষ ভাল অথচ দামে সস্তা। রবারের পকেট প্রেস, ডেটিং ষ্ট্যাম্প, সেল্ফ ইঙ্কিং প্যাড ও কালী সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে। পরীক্ষা প্রার্থনীয়।

প্রাপ্তিস্থান—"পণ্ডিত-প্রেস"
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



**সকল প্রকার গ্রামোফোন মেসিন ও রেকর্ড**

নিম্নলিখিত ঠিকানায় পাওয়া যায়।


ডি, পি, গাঙ্গুলী

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।


## ঘরের কবিরাজ

### ঘরে ফিরে এলো

রঘুনাথগঞ্জের প্রবীণ কবিরাজ স্বর্গীয় ৺কৃষ্ণচৈতন্য সেন মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র কবিরাজ শ্রীঅতুলকৃষ্ণ সেনগুপ্ত মহাশয় এতদঞ্চলে সকলেরই সুপরিচিত। বিগত ২৭ বৎসরকাল ধুলিয়ানে থাকিয়া আয়ুর্ব্বেদীয় চিকিৎসাকার্য্যে যথেষ্ট অভিজ্ঞতা ও সুনাম অর্জ্জন করিয়াছেন। তিনি সম্প্রতি তাঁহার রঘুনাথগঞ্জের পৈত্রিক বাসভবনে থাকিয়া চিকিৎসা কার্য্য পরিচালনা করিবার ইচ্ছা করিয়াছেন। ধুলিয়ানবাসিগণের সনির্ব্বন্ধ অনুরোধে প্রতি রবিবার তথাকার রোগিগণের চিকিৎসার জন্য যাইতে সম্মত হইয়াছেন। গরীব দুস্থ রোগিগণের চিকিৎসা কার্য্যে তিনি তাঁহার স্বর্গীয় পিতৃদেবের পদাঙ্ক অনুসরণ করিবেন তাহাতে কোন সন্দেহ নাই।



অতুল আনন্দের সহিত আজ আমরা আমাদিগের পৃষ্ঠপোষক, শুভানুধ্যায়ী ও নেতৃবর্গকে জানাইতেছি যে ১৯৪০ খৃষ্টাব্দের আগামী ১লা ফেব্রুয়ারী তারিখে আমাদের এই প্রাচীন ও সুপ্রতিষ্ঠিত আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান কলিকাতা চিত্তরঞ্জন এভিনিউ সাউথ ঠিকানায় নব প্রতিষ্ঠিত প্রাসাদোপম "জবাকুসুম হাউসে" স্থানান্তরিত হইবে।

যাঁহাদিগের শুভেচ্ছার বলে এই "জবাকুসুম" প্রতিষ্ঠান এবং আয়ুর্ব্বেদীয় বিদ্যালয় ও ঔষধালয় আজ সর্ব্বজনসমাদৃত হইয়াছে এবং যাঁহাদিগের ঐকান্তিক আগ্রহ ও সহযোগিতার বলে আয়ুর্ব্বেদ আজ চিকিৎসা-জগতে অতুলনীয় মর্য্যাদার আসন লাভ করিয়াছে, আমরা সর্ব্বান্তঃকরণে আজ তাঁহাদিগকে ধন্যবাদ করিতেছি। আশা করি তাঁহাদের ঐকান্তিকী কামনায় এই জবাকুসুম প্রতিষ্ঠান আয়ুর্ব্বেদোক্ত চিকিৎসাকে জগজ্জনমান্য করিয়া তুলিতে পারিবে।

**সি, কে, সেন এণ্ড কোং লিঃ—কলিকাতা।**

---


**বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস**

মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




**সার্জ্জারী জগতে যুগান্তর।**

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র অপেরীণ ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমুল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১।৵০। ।৵০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

**মৃতের জীবন ঃ—ভাইট্যালী—** { বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি মরা মানুষ বাঁচাইতে পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার (জীবনীশক্তি) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।/০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১।/০

**প্রাপ্তিস্থান ডাঃ বি রায় এণ্ড কোং কেমিষ্টস্**

**ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা**



**সাধনা ঔষধালয়-ঢাকা**

বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান

ব্রাঞ্চ ও এজেন্সি



পৃথিবীর সর্ব্বত্র

অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী

এম-এ, এফ-সি-এস (লণ্ডন), এম-এস-সি (আমেরিকা)

ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক (প্রফেসার)

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ—প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রস ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।



**হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!**

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵০, ২০০ প্রতি ড্রাম ৵৫ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় /০ কমিশন বাদ

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপটি, (মুর্শিদাবাদ)


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।